W.B.P. Form No. 27

# FIRST INFORMATION REPORT

4411

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Contai P.S. Ramnagar Year 2017 FIR NO. 210/17 Date. 14/07/17.
2. i) Act I.P.C. Section 323/325/506/34 ii) Act ... Sections ...
2. ii) Act ... Section ... iv) Other Act & Sections ...
3. a) General Diary Reference : Entry No. 643 Time at 15:05 hrs.
   b) Occarrence of Offence : Day Tuesday Date 06/06/17 Time at about 17:30 hrs.
   c) Information received Date 14/07/17 Time at 15:05 hrs.
   G.D. No. 643 at the Police Station : Ramnagar.
4. Type of Information. Written / Oral court Complaint M.P. (CR NO. 125/17)
5. Place of Occurrence a) Direction and Distrance from P.S. 12 K.M North East (approx)
   b) Address Nayashyampur. JL No. 133, Anchal No. II Depal G.P. Block Ramnagar II, P.s. Ramnagar, Dist. Purba Medinipur.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ...
   District ...
6. Complaint / Informant :
   a) Name Pravat Kumar Das
   b) Father's / Husband's Name Lt Bankim Das
   c) Date/Year of Birth ...
   d) Nationality Indian
   e) Address Vill- Nayashyampur, P.s- Ramnagar, Dist- Purba Medinipur.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars 1) Snehasis Das s/o- Pravat Kumar Das
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant 2) Smt Anjali Das w/o- Pravat Kumar Das 3) Smt. Kanchan Das w/o- Snehasis Das all of Nayashyampur, P.s- Ramnagar, Dist- Purba Medinipur.
9. Particular of properties stolen / involved : (Attach separate sheet, if required) : ...
10. Total value of Properties stolen / involved : ...
11. Inquest report / U.D. : Case No. If any : ...
12. FIR Contents : (Attach separate sheets, if required) :

    The original written Complaint which is treated as F.I.R is attached herewith.

    4822 16/7/17

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 323/325/506/34 I.P.C.

register the case and took up the investigation/directed ASI Ashim Mukherjee to take up the investigation

transferred to P.S. ... on point of jurisdiction FIR read over to the Comp'aint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

(signature) 14/07/17

M.P 125/17
Filed on 17.6.17
D/F 27.7.17 for awaiting report from o/c Ramnagar.

41/53

CF-155/2017
Case No.- 40/2017

In The Court of Ld. A.C.J.M.at Contai,

District-Purba Medinipur.

Petition Under Section.- 156(3) Cr.P.C.

**দরখাস্তকারীঃ**

শ্রী প্রভাত কুমার দাস(৭৪)
পিতা- মৃত বঙ্কিম দাস
সাং- নয়াশ্যামপুর
পোঃ- মানিকাবসান
থানা- রামনগর
জেলা- পূর্ব মেদিনীপুর।

SEEN
A. C. J. M.
Contai

**আসামীগনঃ**

(১) শ্রী স্নেহাশীষ দাস(৩৪)
পিতা- শ্রী প্রভাত কুমার দাস,
(২) শ্রীমতী অঞ্জলী দাস(৬০)
স্বামী- শ্রী প্রভাত কুমার দাস,
(৩) শ্রীমতী কাঞ্চন দাস(৩০)
স্বামী-শ্রী স্নেহাশীষ দাস,
সর্ব্ব সাং- নয়াশ্যামপুর
পোঃ- মানিকাবসান
থানা- রামনগর
জেলা- পূর্ব মেদিনীপুর।

**সাক্ষীগনঃ**

(১) শ্রী দেবাশীষ দাস
পিতা- শ্রী প্রভাত কুমার দাস,
(২) শ্রীমতী জোৎস্না দাস
স্বামী- শ্রী দেবাশীষ দাস,
(৩) শ্রী জয়দেব জানা
পিতা- শ্রী রামকৃষ্ণ জানা,
সর্ব্ব সাং- নয়াশ্যামপুর
পোঃ- মানিকাবসান,
(৪) শ্রীমতী গৌরী দাস
স্বামী- শ্রী মিন্টু দাস,
সাং- কানপুর,পোঃ-বালিসাই,
সকলের থানা- রামনগর,
জেলা- পূর্ব মেদিনীপুর।
(৫) রামনগর থানার দারোগাবাবু,
থানা- রামনগর,
(৬) কাঁথি S.D. হাসপাতালের ডাক্তারবাবু
থানা- কাঁথি,
ও আরও অনেকে,

**ঘটনার তারিখ ও সময়ঃ**

গত ইং- ০৬/০৬/২০১৭ তারিখ,
বাংলা ২২শে জৈষ্ঠ,১৪২৪ সাল।
সময়-বিকাল ৫.৩০ মিঃ আন্দাজ।

Received on 14/07/17 at 15:05 hrs. and started Ramnagar P.S. Case No. 210/17 dt. 14/07/17. U/s- 323/325/506/34 I.P.C.
Subhajit Chanda
14/07/17.

বিচারপতি সমীপেষু,

বিবরন এই যে, ১নং আসামী অধীনের ছোট ছেলে,২নং আসামী অধীনের স্ত্রী এবং ৩ নং আসামী অধীনের ছোট পুত্রবধূ হইতেছে।

অধীন একজন S.B.I. ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত কর্মচারী হইতেছি।বর্তমানে অধীন প্রেনসন্ ভোগী ব্যাক্তি হইতেছি।

সম্পত্তি বিষয়ক বিবাদ ও অধীনের পেনসনের অর্থের উপর আসামী গনের জবরদখল কে কেন্দ্র করিয়া বিবাদ হেতু আসামীগন অধীনের গৃহে পৃথকান্নে রহিয়াছে।অধীন বর্তমানে আমার বড় পুত্র ও পুত্রবধূর কাছে রহিয়াছি।৪নং সাক্ষী আমার বড় কন্যা হইতেছে।

ক্রমশ....২

উপরোক্ত ঘটনার দিন ও সময়ে অধীন যখন পেনসনের টাকা তুলিয়া বাড়ী ফিরিয়াছিলাম তখন ২নং আসামী অধীনকে অধীনের পেনসনের সমুহ অর্থ ২নং আসামীকে প্রদান করিবার জন্য চাপ সৃষ্টি করিলে ও অধীন উক্ত প্রস্তাবে রাজী না হইলে ২নং আসামী ১/৩ নং আসামীগনকে ডাকিয়া আনিয়া অধীনের উক্ত অর্থ কাড়াইয়া লইবার জন্য অধীনের সহিত ধস্তাধস্তি শুরু করে এবং অশ্লীল ও অকথ্য ভাষায় গালিগালাজ করিতে শুরু করিলে অধীন তাহাদের এমন আচরনের বিরোধিতা করি। তখন আসামীগন অত্যন্ত ক্রোধান্বিত হইয়া প্রথমে ১নং আসামী অধীনকে লাথি মারিয়া মাটিতে ফেলিয়া দেয়,তাহার পর অধীনের দুই হাত পিছন দিক করিয়া গামিছার দ্বারা বাঁধিয়া দেয়।তৎপরে অধীনকে সমূহ পেনসনের টাকা দেওয়ার কথা ও সম্পত্তির সমূহ অংশ আসামীগনের নামে লিখিয়া দিতে বলিলে,অধীন উক্ত প্রকার প্রস্তাবে অরাজী হইলে ৩নং অসামী একটি বাঁশের বাতা লইয়া ১নং আসামীকে দিলে,১নং আসামী অধীনকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে অধীনের মাথায় ও পিঠে সজোরে আঘাত করিলে অধীন উক্ত প্রকার হাত বাঁধা অবস্থায় যন্ত্রনায় কাতরাইতে থাকি।তখন ২নং আসামী বাড়ি হইতে একটি লোহার রড আনিয়া অধীনকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে অধীনের বাম দিকের কপালের সামনে সজোরে আঘাত করিলে অধীনের মাথা হইতে রক্ত বাহির হইতে থাকে ও অধীন যন্ত্রনায় চিৎকার করিলে ১/২/৩ নং সাক্ষীগন ছুটিয়া আসিয়া অধীনকে আসামীগনের হাত হইতে বাঁধন খুলিয়াছে এবং উক্ত মারের হাত হইতে উদ্ধার করিয়াছে।

SEEN
A. C. J. M.
Contai.

সাক্ষীগন ছুটিয়া আসিয়া উদ্ধার না করিলে আসামীগন অধীনকে প্রানে মারিয়া ফেলিত।

আসামীগনের অধীনকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্য ছিল।

মারের ফলে অধীনের সারা শরীরে ব্যাথা হইয়াছে ও মাথার বাম দিকের সামনে ফাটিয়া গিয়া রক্তাক্ত জখম হইয়াছে।

অধীনের মাথা হইতে রক্ত বন্ধ না হইলে অধীনের অবস্থা বেগতিক দেখিয়া অধীনের বড় পুত্র ও পুত্রবধূ ও বড় কন্যা স্থানীয় ডাক্তারবাবুকে ডাকিয়া আনিলে উক্ত ডাক্তারবাবু অধীনের রক্তপাত বন্ধ করিবার জন্য ৭ খানি স্টিচ্ করিয়াছে।

ক্রমশ....৩

17 JUN 2017
In the Court of ... Magistrate, Contai

(৩)

পরের দিন সকালে অধীনের বড় পুত্র অধীনকে কাঁথি S.D. হাসপাতালে লইয়া গেলে উক্ত হাসপাতালের ডাক্তারবাবু অধীনের জখম পরীক্ষা করতঃ চিকিৎসা করিয়াছেন।

কারন এই যে,অধীনের সমুহ সম্পত্তি ও অধীনের পেন্‌সনের টাকা আত্মসাৎ করিবার কুউদ্দেশ্য ও অধীনকে প্রানে মারিয়া ফেলিবার অসৎ উদ্দেশ্যে আসামীগন এমন অপরাধ মূলক কার্য্য করিয়াছে।

আসামীগন অত্যন্ত দাঙ্গাবাজ,অর্থলোভী,বেপরোয়া ও হিংস্র প্রকৃতির হইতেছে।

সাক্ষীগন সমূহ ঘটনার বিষয়ে অবগত রহিয়াছে।

অধীন সমূহ ঘটনার বিষয় রেজিষ্ট্রী ডাকযোগে O.C. রামনগর থানা ও S.P. পূর্ব মেদিনীপুর কে জানাইয়াছি।

SEEN
A. C. J. M.
Contai.

বিস্তারিত বিবরন তদন্ত কালে প্রকাশ পাইবে।

প্রার্থনা যে,অধীনের অত্র অবেদন মূলে কাঃ বিঃ আইনের ১৫৬(৩) ধারা মতে F.I.R. treat করতঃ রামনগর থানার দারোগা বাবুকে তদন্ত করিবার আদেশ দিয়া সুবিচার করিতে আজ্ঞা হয়। নিবেদন ইতি

তাং- ১৭.৬.১৭.